# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশীবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd

স্মারক নং-৫৭.১৬.০০০০.০১২.৪২.০০১.২৫-৮৬৪ | তারিখ: ০২ পৌষ ১৪৩২ / ১৭ ডিসেম্বর ২০২৫

**২০২৫ সালের ইবতেদায়ি ৫ম ও দাখিল ৮ম শ্রেণির বৃত্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য কেন্দ্র সচিবগণের প্রতি জরুরী নির্দেশনাবলী:**

১. ২০২৫ সালের ইবতেদায়ি ৫ম শ্রেণি বৃত্তি পরীক্ষা ৫ম শ্রেণির পূর্ণাঙ্গ পাঠ্যসূচি অনুযায়ী (i) কুরআন মাজিদ ও তাজভিদ (ii) আরবি (১ম ও ২য় পত্র) (iii) বাংলা ও ইংরেজি (iv) গণিত ও বিজ্ঞান বিষয়ে নীতিমালা ও পরীক্ষার সময়সূচি মোতাবেক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরু সকাল ১০.০০ টা। সময় ২ ঘন্টা ৩০ মিনিট।

২. ২০২৫ সালের দাখিল ৮ম শ্রেণি বৃত্তি পরীক্ষা ৮ম শ্রেণির পূর্ণাঙ্গ পাঠ্যসূচি অনুযায়ী, (i)কুরআন মাজিদ ও তাজভিদ এবং আকাইদ ও ফিকহ ii) আরবি ১ম পত্র ও আরবি ২য় পত্র (iii) বাংলা ও ইংরেজি, (iv) গণিত ও বিজ্ঞান বিষয়ে নীতিমালা ও সময়সূচি মোতাবেক পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরু সকাল ১০.০০ টা। সময় ৩:০০ ঘন্টা।

৩. পরীক্ষার ০৭ (সাত) দিন পূর্বে ট্রেজারিতে/থানা লকারের ট্রাংকে রক্ষিত প্রশ্নপত্র প্যাকেটের সাথে প্রশ্নপত্র বিবরণী তালিকা সঠিকভাবে যাচাই করতে হবে। প্রশ্নপত্রের প্যাকেট যাচাইকালে সংশ্লিষ্ট ট্রেজারি অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, কেন্দ্রসচিব এবং পরীক্ষা পরিচালনা কমিটির সদস্যবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন।

৪. প্রশ্নপত্রের ২ (দুই) সেট পরীক্ষার তারিখ অনুসারে সেটভিত্তিক আলাদা করে Security খামে আলাদা আলাদা ভাবে প্যাকেট করতে হবে।

৫. প্রশ্নপত্রের প্যাকেট যাচাই-এর দিনে সংশ্লিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে পরীক্ষার তারিখ ভিত্তিক প্রশ্নপত্রের প্যাকেট সাজিয়ে Security খামের গাম লাগিয়ে দিতে হবে এবং Security খামের উপর পরীক্ষার তারিখ, বিষয়, বিষয় কোড ও সেট কোড যথারীতি লিখে অবশ্যই ট্রাংকে সংরক্ষণ করতে হবে। এ বিষয়ে কোনো ক্রুটি পরিলক্ষিত হলে তা কেন্দ্রসচিবসহ সংশ্লিষ্ট সকলের দায়িত্ব অবহেলা বলে গণ্য হবে।

৬. পরীক্ষার দিনগুলোতে ট্রেজারি হতে ট্রেজারি অফিসারের উপস্থিতিতে ঐ দিনের প্রশ্নপত্রের ৪ (চার) সেট (৫ম শ্রেণির ২ সেট ও ৮ম শ্রেণির ২ সেট) Security খাম গ্রহণ করতে হবে।

৭. অত্যন্ত সতর্কতার সাথে থানা/ট্রেজারি হতে Police প্রহরাসহ প্রশ্নপত্রের প্যাকেট (Security খাম) কেন্দ্রে আনতে হবে।

৮. বোর্ড কর্তৃক প্রেরিত এসএমএস মোতাবেক প্রশ্নপত্রের সেট কোড ব্যবহার করতে হবে এবং এসএমএস পাওয়ার পর প্রশ্নপত্রের প্যাকেট খুলতে হবে। অব্যবহৃত সেটের প্রশ্নপত্রের খাম অক্ষত অবস্থায় কেন্দ্র সচিব সংরক্ষণ করবেন।

৯. ইবতেদায়ি ৫ম শ্রেণির বৃত্তি পরীক্ষার জন্য সুরমা অথবা কুশিয়ারা সেট কোডের মেসেজ প্রেরণ করা হবে এবং দাখিল ৮ম শ্রেণির বৃত্তি পরীক্ষার জন্য রূপসা অথবা তিস্তা সেট কোডের মেসেজ প্রেরণ করা হবে। বোর্ড কর্তৃক প্রেরিত মেসেজ মোতাবেক পরীক্ষা গ্রহণ না করলে কেন্দ্র সচিবের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. ইবতেদায়ি ৫ম শ্রেণি ও দাখিল ৮ম শ্রেণির জন্য একজন কেন্দ্রসচিব হবেন। তিনি ব্যতীত অন্য কেউ মোবাইল ফোন/ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। ছবি তোলা যায় না এমন মোবাইল ফোন কেবলমাত্র কেন্দ্রসচিব ব্যবহার করতে পারবেন।

১১. কোন কেন্দ্রে আসন অনুপাতে পরীক্ষার্থীর সংখ্যা বেশি হলে উক্ত কেন্দ্রের পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানকে সাব-সেন্টার করে পরীক্ষা গ্রহণ করা যাবে।

১২. প্রতি ২০ জন পরীক্ষার্থীর জন্য ১ জন কক্ষ প্রত্যবেক্ষক পরীক্ষা কক্ষে দায়িত্ব পালন করবেন। প্রতিটি কক্ষে কমপক্ষে ২ (দুই) জন করে দায়িত্ব পালন করবেন। এখানে উল্লেখ্য যে, পরীক্ষার্থী ছাত্রী হলে ঐ কক্ষে একজন মহিলা শিক্ষক কক্ষ প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন করবেন।

১৩. কমপক্ষে ৩ ফুট দূরত্ব বজায় রেখে পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা করতে হবে। প্রতিটি বেঞ্চে দুই জনের বেশি পরীক্ষার্থী বসতে পারবেনা।

১৪. পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে অবশ্যই প্রবেশ করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ সময়ের পর কোনো পরীক্ষার্থী আসলে কেন্দ্রসচিব বিশেষ বিবেচনায় দেরির কারণ লিপিবদ্ধ করে প্রবেশের অনুমতি দিতে পারবেন।

১৫. পরীক্ষা শুরুর পূর্বে পরীক্ষা কেন্দ্রের বাইরে পরীক্ষার্থী, অভিভাবক বা অন্য কেউ যাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে সে ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজন হলে হ্যান্ড মাইক ও সিসি ক্যামেরা স্থাপনের ব্যবস্থা করতে হবে।

১৬. কেন্দ্রসচিবগণ তাঁর কেন্দ্রের আওতাভুক্ত মাদ্রাসাসূহের প্রবেশপত্র মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে প্রিন্ট করবেন এবং পরীক্ষা শুরু হবার সাত দিন পূর্বে প্রতিটি মাদ্রাসা প্রধানের নিকট হস্তান্তর নিশ্চিত করবেন।

১৭. পরীক্ষার্থীর প্রবেশপত্রে কোনো ত্রুটি থাকলে তা অবশ্যই প্রবেশপত্র গ্রহণের ৫ কর্মদিবসের মধ্যে শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট শাখা হতে সংশোধন করতে হবে।

১৮. ত্রুটিপূর্ণ উত্তরপত্র পরীক্ষার্থীদের নিকট সরবরাহ করা যাবে না।

১৯. পরীক্ষার্থীর হাজিরা শিটে উপস্থিতির স্বাক্ষর নিতে হবে। কোনো পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে তারিখ ও বিষয় লাল কালি দ্বারা অনুপস্থিত লিখে দিতে হবে।

২০. বিষয় অনুসারে ৫০টি করে উত্তরপত্র করোগেটেড শিটে প্যাকেট করতে হবে।

২১. নির্দিষ্ট তারিখে পরীক্ষার সময়সূচি মোতাবেক পরীক্ষা নিতে হবে। উত্তরপত্রের ২ (দুটি) প্যাকেট একত্র করে ৫ম শ্রেণির জন্য সাদা কাপড়ে মুড়িয়ে এবং ৮ম শ্রেণির জন্য হলুদ কাপড়ে মুড়িয়ে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ডাকঘর: পোস্তা, ঢাকা -১২১১ ঠিকানায় প্রেরণ করতে হবে।

২২. পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরপত্র পরিবহন কাজে পুলিশের সংশ্লিষ্টতা থাকতে হবে।

২৩. ইবতদায়ি ৫ম ও দাখিল ৮ম শ্রেণির বৃত্তি পরীক্ষার জন্য পৃথক দুটি নীতিমালা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েবসাইট হতে ডাউনলোড ও প্রিন্ট করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭/১২/২৫


প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স : ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd


কেন্দ্র সচিব
ইবতেদায়ি ৫ম ও দাখিল অষ্টম শ্রেণি বৃত্তি পরীক্ষা-২০২৫
এর সকল কেন্দ্র।

২৭/১২/২৫